



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.ldap.portal.gov.bd](http://www.ldap.portal.gov.bd)



স্মারক নং : ৩৩.০১.০০০০.৮২৮.০৭.২১.১৬০১

তারিখ : ০২/০৫/২০২৪ খ্রিঃ


বরাবর

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা)

**বিষয় : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মেট্রোপলিটন এলাকায় Livestock Household Survey-2024 এর তথ্য সংগ্রহের সময় বৃদ্ধি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) (১ম সংশোধিত) এর আওতায় প্রকল্পভুক্ত গত ২৮/০৪/২০২৪ ইং তারিখ হতে ০২/০৫/২০২৪ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিনব্যাপী ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মেট্রোপলিটন এলাকায় Livestock Household Survey-2024 কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু দেশব্যাপী চলমান তীব্র তাপদাহ বিবেচনায় নিয়ে এ কার্যক্রমের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়। সে মোতাবেক সার্ভে কার্যক্রমের মেয়াদ আগামী ১১/০৫/২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হ'ল।

উল্লেখ্য, বর্ষিত সময়ের মধ্যেই তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকার পরিষি, যাওয়াত ব্যবস্থা এবং সম্ভাব্য লাইভস্টক হোল্ডিংস বিবেচনায় তথ্য সংগ্রহকারীর (এলএফএ/এলএসপি) সংখ্যা প্রয়োজন অনুসারে বৃদ্ধি করতঃ কার্যক্রম নির্ধারিত সময়ে যথাযথভাবে সম্পন্ন করার অনুরোধ করা হল।

  
০২/০৫/২০২৪

(মো. আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

ফোন- ০২-৫৮১৫৪৯১৩

ই-মেইল- [ldap@dls.gov.bd](mailto:ldap@dls.gov.bd)

**সদয় অবগতির জন্য অনুলিপি :**

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় (সকল)
৬. Team Leader, FAO, LDDP.
৭. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা)
৮. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা)
৯. মনিটরিং কর্মকর্তা (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা)
১০. হিসাব শাখা, এলডিডিপি,
১১. অফিস কপি।